দৈনিক ইত্তেফাক

তারিখ .. 16 SEP 2013 ...
পৃঃ 20 কলাম 7

# সিলেট জেলা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা

## ছাত্রলীগ নেতা মহিউদ্দিন গ্রেফতার

■ ইত্তেফাক রিপোর্ট

ছাত্রলীগ সিলেট জেলা শাখা কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। গতকাল রবিবার রাতে ছাত্রলীগ কেন্দ্রীয় নির্বাহী সংসদ এ সিদ্ধান্ত গ্রহণ করে। সিলেটে সিপিবি-বাসদ এর সমাবেশে ছাত্রলীগের হামলার অভিযোগের পরপরই সুষ্ঠু তদন্তের স্বার্থে কেন্দ্রীয় ছাত্রলীগ এই সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গেছে।

পৃষ্ঠা ২ কলাম ৩

## সিলেট জেলা ছাত্রলীগের

২০ পৃষ্ঠার পর

ছাত্রলীগের দপ্তর সম্পাদক শেখ রাসেল ইত্তেফাককে জানান, গতকাল এক জরুরী সিদ্ধান্তে ছাত্রলীগ সভাপতি এইচ.এম.বদিউজ্জামান সোহাগ ও সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলমের নির্দেশে এ কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়।

এদিকে সিপিবির সমাবেশে ছাত্রলীগের হামলার ঘটনায় সংগঠনটির জেলা ছাত্রলীগের যুগ্ম সম্পাদক মহিউদ্দিনকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল রাতে জেলা শহর থেকে তাকে গ্রেফতার করা হয়।